# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪২. নাবীয (খেজুরের শরবত) দিয়ে অযু করা

باب الْوُضُوءِ بِالنَّبِيذِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ وَسُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْعَتَكِيُّ قَالاَ حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي فَزَارَةَ، عَنْ أَبِي زَيْدٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لَهُ لَيْلَةَ الْجِنِّ "مَا فِي إِدَاوَتِكَ". قَالَ: نَبِيذٌ. قَالَ "تَمْرَةٌ طَيِّبَةٌ وَمَاءٌ طَهُورٌ". قَالَ أَبُو دَاوُدَ وَقَالَ سُلَيْمَانُ بْنُ دَاوُدَ عَنْ أَبِي زَيْدٍ أَوْ زَيْدٍ كَذَا قَالَ شَرِيكٌ وَلَمْ يَذْكُرْ هَنَّادٌ لَيْلَةَ الْجِنِّ .

ـ ضعيف : المشكاة ٤٨٠

বাংলা

৮৪। ’আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জ্বীন আগমনের রাতে তাকে জিজ্ঞেস করেছিলেন, তোমার পাত্রে কি আছে? তিনি বলেন, নবীয। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, খেজুর পবিত্র আর পানি পবিত্রকারী।

শারীক (রহঃ) বলেন, হান্নাদ ’’জ্বীন আগমনের রাত’’ কথাটি উল্লেখ করেননি।[1]

দুর্বল : মিশকাত ৪৮০।

## English

Narrated Abdullah ibn Mas'ud:

AbuZayd quoted Abdullah ibn Mas'ud as saying that on the night when the jinn listened to the Qur'an the Prophet (ﷺ) said: What is in your skin vessel? He said: I have some nabidh. He (the Holy Prophet) said: It consists of fresh dates and pure water.

Sulayman ibn Dawud reported the same version of this tradition on the authority of AbuZayd or Zayd. But Sharik said that Hammad did not mention the words "night of the jinn".

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাযীব দিয়ে উযু করা, হাঃ ৮৮), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাযীব দিয়ে উযু করা, হাঃ ৩৮৪), আহমাদ (১/৪০২), ‘আয-যাওয়ায়িদ’ গ্রন্থে রয়েছেঃ হাদীসটির মূল বিষয় বর্তায় আবূ যায়িদ-এর উপর। তিনি হাদীস বিশারদ ইমামগণের নিকট অজ্ঞাত। যেমনটি তিরমিযী ও অন্যরা উল্লেখ করেছেন। আহমাদ শাকিরও এর সানাদকে দুর্বল বলেন। এর দোষ হচ্ছে আবূ যায়িদ। তিনি অজ্ঞাত লোক। ইবনু ‘আবদুল বার ‘আল ইসতিআব’ গ্রন্থে বলেন, মুহাদ্দিসগণের নিকট আবূ যায়িদ অজ্ঞাত। আবূ ফাযারার বর্ণনা ছাড়া তাকে চেনা যায় না। ইবনু মাসঊদ সূত্রে নাবীয দ্বারা উযু করা সম্পর্কে বর্ণিত তার হাদীসটি মুনকার, ভিত্তিহীন ও প্রমাণহীন। ইমাম বাগাভী ‘শারহু সুন্নাহ’ গ্রন্থে বলেন, তার হাদীস প্রমাণিত নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন